গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | মে ২০২২ মাসে অনুষ্ঠিত জেলা রাজস্ব সম্মেলনের কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব মোহাম্মদ রেজাউল করিম<br>জেলা প্রশাসক<br>কুড়িগ্রাম। |
| সভার স্থান | : | সম্মেলনকক্ষ,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২২ মে, ২০২২। সময়: বেলা ১২.০০ টা। |
| বিবেচ্য মাস | : | এপ্রিল,২০২২ |

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ‘‘ক’’ দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে “ভূমি অফিসে না এসে ভূমি সেবা গ্রহণ” প্রতিপাদ্যে এ বছর ১৯ মে থেকে ২৩ মে ২০২২ পর্যন্ত সারা দেশের ন্যায় এ জেলায় একটি কার্যকরী ও সেবামূলক “ভূমি সেবা সপ্তাহ-২০২২” সুষ্ঠু, সুন্দর ও যথাযথভাবে পালনের বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করা হয়। রাজস্ব সম্মেলনের গুরুত্ব তুলে ধরে এবং মাঠ পর্যায়ে রাজস্ব প্রশাসনের সকল প্রতিবন্ধকতা দূর করে আধুনিক ভূমি সেবা নিশ্চিত করার লক্ষ্যে সভায় বিশেষ গুরুত্বারোপ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। সভাপতির অনুমতিক্রমে রেভিনিউ ডেপুটি কালেক্টর,কুড়িগ্রাম গত ২৪/০৪/২০২২ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম,সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম এবং সংশ্লিষ্ট সকল সচেষ্ট আছেন মর্মে সভায় অবহিত করা হয়। কার্যবিবরণীতে কোন সংযোজন,বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও এজেন্ডাভিত্তিক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

১। রাজস্ব সংস্থাপন সংক্রান্ত:

সভায় এ জেলায় রাজস্ব প্রশাসনের বিভিন্ন স্তরে কর্মরত জনবল ও জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহের শূন্যপদ পূরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রাম রাজস্ব সংস্থাপন সংক্রান্ত তথ্য সভায় ছক আকারে উপস্থাপন করেন:

| অফিসের নাম | পদের নাম/শ্রেণি | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা | সহকারী প্রকৌশলী (১ম শ্রেণি) | ১ | - | ১ | |
| | উপ-সহকারী প্রকৌশলী | ১ | ১ | - | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ১ | - | ১ | |
| | ৩য় শ্রেণি | ১৪ | ৩ | ১১ | ড্রাফটস্‌ম্যান,সার্ভেয়ার ও অফিস সহকারী পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ১১ | ১১ | - | |
| জেলা প্রশাসকের কার্যালয়ের এল, এ শাখা | অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (১ম শ্রেণী) | ১ | ১ | - | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ২ | ১ | ১ | |
| | ৩য় শ্রেণি | ৮ | ২ | ৬ | অফিস সহকারী ও সার্ভেয়ার এর পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ১২ | ৫ | ৭ | |
| উপজেলা ভূমি অফিস (৯)টি | সহকারী কমিশনার (ভূমি) | ৯ | ৫ | ৪ | ফুলবাড়ী,উলিপুর,চিলমারী ও চর রাজিবপুর উপজেলায় পদ শূন্য |
| ,, | কানুনগো | ৯ | ০ | ৯ | রাজারহাট,চিলমারী ও চর রাজিবপুর উপজেলায় সার্ভেয়ার পদ শুন্য |
| | সার্ভেয়ার | ৯ | ৬ | ৩ | |
| উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস | ৩য় শ্রেণি | ২১১ | ১৪০ | ৭১ | ইউঃ ভূমি সহঃ কর্মকর্তা/ ইউঃ ভূমি উপঃ সহঃ কর্মকর্তা/অফিস সহকারী/সমপর্যায়ের পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ২০২ | ১৫২ | ৫০ | প্রসেস সার্ভার,অফিস সহায়ক ও চেইনম্যন পদ শূন্য |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রাম জানান ৩য় শ্রেণির ৩১ (একত্রিশ)টি পদের জন্য নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির জন্য এ কার্যালয়ের ১৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৩১.৪৭. ৪৯০০. ০০৬.০১.১২৩.১৯.১৬৮ নম্বর স্মারকে ভূমি মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে।<br>৪র্থ শ্রেণীর অফিস সহায়কের ১৯ (উনিশ) টি পদের নিয়োগের ছাড়পত্রের মেয়াদ ভূমি মন্ত্রণালয়ের ১০/১১/২০২১ তারিখের ৩১.০০.০০০০. ০৪৬.১১.০৭৯.১২.৫০৮ নম্বর স্মারক মোতাবেক ২২/০২/২০২২ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয় এবং পুনরায় মেয়াদ বৃদ্ধির/মতামত এর জন্য এ কার্যালয়ের ১৩ এপ্রিল ২০২২ তারিখের ৩১.৪৭. ৪৯০০. ০০৬.০১.১২৩.১৯.৩৬৬ নম্বর স্মারকে ভূমি মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। | রাজস্ব শাখাসহ মাঠপর্যায়ের ভূমি অফিসসমূহে কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় রাজস্ব প্রশাসনের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে এবং রাজস্ব আদায়ের স্বার্থে ৩য় শ্রেণীর ৩১ (একত্রিশ) টি পদের এবং ৪র্থ শ্রেণীর অফিস সহায়কের ১৯ (উনিশ) টি পদের নিয়োগের ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির অনুমোদন সাপেক্ষে দ্রুত নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম ও রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম। |

২। শৃঙ্খলা ও বিভাগীয় মামলা **সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম সভায় জানান,বর্তমানে রাজস্ব প্রশাসনে শৃঙ্খলা বিধির অধীনে ১/১৬, ২/১৭,৩/১৮,২/১৯,২/২০, ১/২১, ১/২২ ও ২/২২ নম্বরসহ মোট ০৯ (নয়) টি বিভাগীয় মামলা চলমান রয়েছে।বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট বিধিমালা যথাযথ অনুসরণ করে বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ক্ষেত্রে আরও তৎপর হওয়ার জন্য কর্মকর্তা/কর্মচারীগণকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। সংশ্লিষ্ট আইন/বিধি যথাযথ অনুসরণ করে চলমান বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা। |

শৃঙ্খলা ও বিভাগীয় মামলা **সংক্রান্ত বিবর**ণী: এপ্রিল,২০২২

| ক্রঃ নং | নাম ও পদবি | কর্মরত অফিসের নাম | মামলা নং ও দায়েরের তারিখ | তদন্তকারী কর্মকর্তা নিয়োগের স্মারক ও তারিখ | তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | মোঃ খালেকুজ্জামান<br>ইউঃ ভূমি উপ-সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, মোহনগঞ্জ, চর রাজিপুর, কুড়িগ্রাম | ০১/২০১৬<br>২০/০৬/১৬ | স্মারক নং-৬৩২<br>১৩/০৮/২০২০ | জনাব অভিজিত চৌধুরী<br>সহকারী কমিশনার<br>কুড়িগ্রাম কালেক্টরেট | সংশ্লিষ্ট জমির বিষয়ে সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর নিকট মতামত চেয়ে ২য় তাগিদপত্র দেয়া হয়েছে। |
| ২ | মোঃ আব্দুর রহমান<br>ইউঃ ভূমি উপ-সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, কোদালকাটি, চর রাজিবপুর, কুড়িগ্রাম | ০২/২০১৭<br>২০/০৯/১৭ | স্মারক নং- ৬৩১<br>১৩/০৮/২০২০ | জনাব মোঃ আবুবকর সিদ্দিক<br>সহকারী কমিশনার<br>কুড়িগ্রাম কালেক্টরেট | চূড়ান্ত আদেশ এর জন্য নথি উপস্থাপন করা হয়েছে। |
| ৩ | মোঃ হাবিবুর রহমান<br>ইউঃ ভূমি সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, চিলমারী সদর, চিলমারী, কুড়িগ্রাম | ০৩/১৮<br>১৯/১১/১৮ | স্মারক নং-১০৪৬<br>নং-১৫/১১/২০২০ | জনাব মোঃ আবুবকর সিদ্দিক<br>সহকারী কমিশনার<br>কুড়িগ্রাম কালেক্টরেট | ২১/০৪/২২ ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়েছে। চূড়ান্ত আদেশ এর জন্য নথি উপস্থাপন করা হয়েছে। |
| ৪ | মোঃ হারুন অর রশীদ<br>ইউ: ভূমি উপ-সহ: কর্মকর্তা | ইউ: ভূমি অফিস, যাত্রাপুর, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম | ০২/১৯<br>১৭/০৯/১৯ | স্মারক নং-৩৩১<br>০৩/০৬/২০২০ | জনাব তানজিলা তাসনিম<br>সহকারী কমিশনার<br>কুড়িগ্রাম কালেক্টরেট | ২য় কারণ দর্শানো হয়েছে। |
| ৫ | মোঃ আব্দুর রাজ্জাক<br>ইউঃ ভূমি সহঃ কর্মঃ | ইউ: ভূমি অফিস, ঘড়িয়ালডাঙ্গা রাজারহাট, কুড়িগ্রাম | ০২/২০২০<br>৩১/১২/২০ | - | - | ১৮/০৫/২০২২ ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়েছে। |
| ৬ | মোছাঃ মেরিনা ইয়াছমিন<br>ইউঃ ভূমি সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, ধরণীবাড়ী উলিপুর, কুড়িগ্রাম | ০১/২০২১<br>১৫/০২/২১ | - | - | চূড়ান্ত আদেশ প্রদান করা হয়েছে। আদেশ জারির অপেক্ষায়। |
| ৭ | মোঃ মামুন বকসী<br>অফিস সহায়ক | ইউনিয়ন ভূমি অফিস, থানাহাট চিলমারী, কুড়িগ্রাম | | স্মারক নং-১৩১১(১০)<br>২৭/১০/২০২১ | জনাব মোঃ গোলাম ফেরদৌস<br>ভূমি অধিগ্রহণ কর্মকর্তা<br>কুড়িগ্রাম কালেক্টরেট | তদন্তাধীন |
| ৮ | মোঃ নজরুল ইসলাম<br>ইউঃ ভূমি সহঃ কর্মঃ | ইউনিয়ন ভূমি অফিস, আন্ধারীঝাড় ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | ০১/২০২২<br>০৪/০১/২২ | | | অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এখনও পাওয়া যায়নি। |
| ৯ | মোঃ শাহীনুর আলম তালুকদার<br>ইউঃ ভূমি সহঃ কর্মঃ | ইউঃ ভূমি অফিস, ভাঙ্গামোড় ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০২/২০২২ | - | - | অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জন্য স্বাক্ষরের জন্য নথিতে উপস্থাপন করা হয়েছে। |

**৩। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় পরিদর্শন সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। প্রমাপ অনুযায়ী মন্ত্রণালয় নির্দেশিত ছক মোতাবেক প্রতিমাসে পুঙ্খানুপুঙ্খভাবে পরিদর্শন/দর্শন নিশ্চিতকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে আগামীতে প্রমাপ অনুযায়ী পরিদর্শনে সতর্ক থাকতে নির্দেশনা প্রদান করা হয়। সভায় মাঠ পর্যায়ের উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শন করা এবং পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরসহ এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী পরিদর্শনে সতর্ক থাকতে নির্দেশনা প্রদান করা হয়। পরিদর্শনের সময় সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহের সকল রেজিস্টারসমূহ হালনাগাদ করা হচ্ছে কিনা তা দেখার জন্য অনুরোধ করা হয়। নিজ কার্যালয়সহ অধীনস্থ উপজেলা ভূমি অফিস/ ইউনিয়ন ভূমি অফিসসমূহ নির্ধারিত প্রমাপ অনুযায়ী দর্শন/পরিদর্শন করে পরিদর্শনকৃত অফিসের সার্বিক কর্মকান্ড তুলে ধরে পরিদর্শন প্রতিবেদন ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে এবং হার্ডকপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/পরিদর্শন কার্যক্রম আরো নিবিড়ভাবে সম্পন্ন করে প্রতিমাসে প্রমাপ অর্জনের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম এবং সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে সতর্ক থাকতে হবে।<br>২। পরিদর্শনের সময় সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহের সকল রেজিস্টারসমূহ হালনাগাদ করা হচ্ছে কিনা তা দেখতে হবে।<br>৩। কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী নিজ কার্যালয়সহ অধীনস্থ উপজেলা ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/ পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে, ফ্যাক্স-এ এবং হার্ড কপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৪। পরিদর্শনকারী কর্মকর্তাকে পরিদর্শন এর সময় সকল বিষয় পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করতে হবে। | (১-৪)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম/সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কুড়িগ্রাম। |

## ৪। উপজেলা রাজস্ব সভা সংক্রান্ত: এপ্রিল,২০২২

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় এপ্রিল ২০২২ মাসের উপজেলা রাজস্ব সভার পরিসংখ্যান উপস্থাপন করা হয়। এপ্রিল,২০২২ মাসের উপজেলা রাজস্ব সভার কার্যবিবরণী শুধুমাত্র ভূরুঙ্গামারী ও রাজারহাট উপজেলা হতে এ কার্যালয়ে পাওয়া যায়নি। করোনা সংক্রমণজনিত পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/৮/২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৭৩২ নম্বর পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসে সকল উপজেলায় উপজেলা রাজস্ব সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করে সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার(ভূমি)(সকল),কুড়িগ্রামকে পুনরায় নির্দেশ প্রদান করা হলো।উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হয়। | ১। স্বাস্থ্য বিধি মেনে মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/৮/২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৫১৩. ১৭.১৮৮.২০১.৭৩২ নম্বর পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসের চতুর্থ সোমবার উপজেলা রাজস্ব সভা অনুষ্ঠানের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করতে হবে।<br>৩। উপজেলা রাজস্ব সভা ফলপ্রসু ও কার্যকরভাবে করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল) , কুড়িগ্রাম।<br><br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

**উপজেলা রাজস্ব সভা সংক্রান্ত বিবরণী: এপ্রিল ২০২২**

| ক্র: নং | উপজেলা | উপজেলা রাজস্ব সম্মেলনের তারিখ | সভার কার্যবিবরণীর স্মারক ও তারিখ | সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | কুড়িগ্রাম সদর | ২৫/০৪/২০২২ | ৩১.০২.৪৯৫২.০০০.০১.০৩০.৩০.২০.৩১০(১২),<br>তারিখ: ১৬/০৫/২০২২ | ১৮/০৫/২০২২ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ২ | নাগেশ্বরী | ২৮/০৪/২০২২ | ৩১.০২.৪৯৬১.০০০.০৩.০০১.২২.৫৯৬<br>তারিখ: ০৯/০৫/২০২২ | ০৯/০৫/২০২২ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৩ | ভূরুঙ্গামারী | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৪ | ফুলবাড়ী | ১৭/০৫/২০২২ | ৩১.০২.৪৯১৮.০০০.০১.০৫০.২০.১৬৪(১৫)<br>তারিখ: ১৮/০৫/২০২২ | ১৮/০৫/২০২২ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৫ | রাজারহাট | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৬ | উলিপুর | ১০/০৫/২০২২ | ৩১.০২.৪৯৬১.০০০.০৩.০০১.২০.২৪৬(৩০)<br>তারিখ: ১০/০৫/২০২২ | ১৯/০৫/২০২২ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৭ | চিলমারী | ২৬/০৪/২০২২ | ৩১.০২.৪৯০৯.০০০.০১.০০৭.২১.২৭৯(৯)<br>তারিখ: ১২/০৫/২০২২ | ১২/০৫/২০২২ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৮ | রৌমারী | ১৮/০৫/২০২২ | ৩১.০২.৪৯৭৯.০০১.০২.০১০.২০.৩১৬(৯)<br>তারিখ: ১৮/০৫/২০২২ | ১৯/০৫/২০২২ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৯ | চর রাজিবপুর | ২৩/০৪/২০২২ | ৩১.০২.৪৯০৮.০২৪.৪৬.০০৬.১৮.৭৬(৯)<br>তারিখ: ২৩/০৪/২০২২ | ১৮/০৫/২০২২ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |

**৫। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস ভবন নির্মাণ/মেরামত সংক্রান্ত: এপ্রিল ২০২২**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় চলতি ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা ভূমি অফিস, পৌর ও ইউনিয়ন ভূমি অফিস পুন: নির্মাণ/মেরামত/সংস্কার করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপ-সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেট জানান ২০২১-২০২২ অর্থবছরে কুড়িগ্রাম জেলার ২০ (বিশ) টি পৌর ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস পুনঃ নির্মাণ এর জন্য এ কার্যালয়ের ২৭/০১/২০২২ তারিখের ৩১.৪৭. ৪৯০০.০০৬.০৫. ০২২.১৮.৮৬ নম্বর স্মারকে নির্ধারিত ছক মোতাবেক তালিকা এবং ০৬/১০/২০২১ তারিখের ৩১.৪৭. ৪৯০০.০০৬.০৫.০০৯.১৮.১২২৭ নম্বর স্মারকে ১৪ (চৌদ্দ)টি পৌর/ইউনিয়ন ভূমি অফিস মেরামত/সংস্কার কাজের জন্য সর্বমোট =৫১,৫০,০০০/-টাকার চাহিদা ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এখনও বরাদ্দ পাওয়া যায়নি।<br>উপ সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেট সভায় আরো অবহিত করেন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নাধীন ১৯ (উনিশ) টি ইউনিয়ন ভূমি অফিসের মধ্যে ১২ (বার) টি ইউনিয়ন ভূমি অফিস হস্তান্তর করা হয়েছে। ২ (দুই) টি ইউনিয়ন ভূমি অফিস হস্তান্তরের অপেক্ষায় এবং ০৪ (চার) টির নির্মাণ কাজ চলমান।<br>মেরামত ও সংরক্ষণ কাজ শর্ত যথাযথভাবে প্রতিপালন ও মানসম্মতভাবে সম্পন্ন হয়েছে কি না তা যাচাই/সরেজমিন পরিদর্শনপূর্বক সহকারী কমিশনার(ভূমি)(সকল)/উপ-সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেটকে প্রতিবেদন দাখিল করার জন্য পরামর্শ প্রদান করা হয়। | ১। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পুন: নির্মাণ/মেরামত/ সংস্কার কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২। নির্মিত/নির্মাণাধীন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজে ত্রুটি থাকলে তা সংশোধনপূর্বক হস্তান্তরের অপেক্ষায় থাকা ভবনসমূহ স্থানীয় কর্তৃপক্ষের নিকট দ্রুত হস্তান্তর করতে হবে। | ১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম/উপ-সহকারী প্রকৌশলী, কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম।<br>২। সংশ্লিষ্ট সকল। |

**৬। নামজারি মোকদ্দমা সংক্রান্ত: এপ্রিল,২০২২**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|

**নামজারি ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (১ম ভাগ)**

| উপজেলা | বিগত মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অনিষ্পন্ন কেসের সংখ্যা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | মোট নামজারী/ জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | অনিষ্পন্ন কেসের সংখ্যা ২৮ দিনের নিম্নে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | ১০০১ | ৪০৭ | ১৪০৮ | ৪২৭ | ৬৮০ |
| নাগেশ্বরী | ৪৬৬ | ৮৩ | ৫৪৯ | ৫২০ | ৩৪৭ |
| ভূরুঙ্গামারী | ৪৫৭ | ১২৫ | ৫৮২ | ৪৫ | ৩৬৭ |
| ফুলবাড়ী | ১৬০ | ৪০০ | ৫৬০ | ৩৬০ | ৪৯২ |
| রাজারহাট | ৯৩ | ১৪৮ | ২৪১ | ৪০ | ১৭১ |
| উলিপুর | ২২৪৬ | ৪৬০ | ২৭০৬ | ১৬৬ | ২৫৬৯ |
| চিলমারী | ২৪০ | ১৩০ | ৩৭০ | ১০০ | ২২০ |
| রৌমারী | ৪৪৫ | ১৫০ | ৫৯৫ | ৭১ | ৫২৫ |
| চর রাজিবপুর | ২৮৫ | ৩৬ | ৩২১ | ২২ | ৩১১ |
| সর্বমোট= | ৫৩৯৩ | ১৯৩৯ | ৭৩৩২ | ১৬৯০ | ৫৬৪২ |

**নামজারী ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (২য় ভাগ)**

| উপজেলা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | মোট নামজারী /জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | | | অনিষ্পন্ন কেসের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | নোটিশ প্রদানের মাধ্যমে অনুমোদন করা হয়েছে | নোটিশ প্রদানের মাধ্যমে নামঞ্জুর/ নথিজাত করা হয়েছে | মোট নিষ্পত্তি কৃত মামলার সংখ্যা | ২৮ দিনের নিম্নে |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| কুড়িগ্রাম সদর | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| নাগেশ্বরী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| ভূরুঙ্গামারী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| ফুলবাড়ী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| রাজারহাট | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| উলিপুর | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| চিলমারী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| রৌমারী | ০০ | ২৫ | - | ০০ | ০০ | ২৫ |
| চর রাজিবপুর | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| সর্বমোট= | ০০ | ২৫ | - | ০০ | ০০ | ২৫ |

সভায় নামজারী বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপর্যুক্ত বিষয়ে উপস্থাপিত চিত্র অনুযায়ী এপ্রিল ২০২২ মাসে এ জেলায় ১ম খন্ডে ৫৬৪২ টি এবং ২য় খন্ডে ২৫ টি মামলা অনিষ্পন্ন রয়েছে। জনস্বার্থে অনিষ্পন্ন মামলাগুলো নির্ধারিত সময়সীমার মধ্যে সঠিকভাবে নিষ্পত্তির বিষয়ে গুরুত্বারোপ করা হয়। ২৮ দিনের উর্ধ্বে অনিষ্পন্ন মামলার তথ্য অর্ন্তভূক্ত করে মাসিক প্রতিবেদন প্রেরণ, উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে বিভিন্ন আইডিতে পেন্ডিং এবং আর্কাইভের জন্য অপেক্ষমান ২৮ দিনের উর্ধ্বের মামলাসমূহ চিহ্নিত করে নিষ্পত্তির বিশেষ উদ্যোগ গ্রহণ করতে সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। সরকারি স্বার্থ সংশ্লিষ্টতা যাচাই করত: আবেদনের ক্রম অনুযায়ী নামজারি কার্যক্রম সম্পন্ন করতে সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

**সিদ্ধান্ত**

১। নামজারি মামলায় ২৮ দিনের উর্ধ্বে অনিষ্পন্ন মামলার তথ্য অর্ন্তভূক্ত করে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।

২। উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে বিভিন্ন আইডিতে পেন্ডিং এবং আর্কাইভের জন্য অপেক্ষমান ২৮ দিনের উর্ধ্বের মামলাসমূহ চিহ্নিত করে নিষ্পত্তির বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।

৩। সরকারি স্বার্থ সংশ্লিষ্টতা যাচাই করত: নির্ধারিত সময়ের মধ্যে ক্রম অনুযায়ী নামজারি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৪। করোনা ভাইরাস সংক্রমনজনিত বর্তমান পরিস্থিতিতে ই- নামজারি মামলার শুনানী ব্যতিত অন্যান্য কার্যক্রম সম্পন্নের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

৫। নামজারি ১ম খন্ডের মামলার তথ্যের সাথে ই-নামজারি মামলার তথ্যে ভিন্নতা থাকায় তা পরীক্ষান্তে সঠিক তথ্য প্রেরণ করতে হবে।

৬। নামজারি প্রাপ্তিতে জনগণের হয়রানিবিহীন সেবা নিশ্চিত করতে হবে।

৭। পুরাতন নামজারি কেসের খতিয়ান এন্ট্রির জন্য বরাদ্দকৃত অর্থ দ্বারা ইউনিয়ন পর্যায়ে সংশ্লিষ্ট খতিয়ান এন্ট্রির কার্যক্রম দ্রুত সম্পন্নে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ সহকারী কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান এবং অগ্রগতি মনিটর করতে হবে।

**বাস্তবায়ন**

(১-৭)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

**৭ (ক)। ২০২১-২২ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সাধারণ ): এপ্রিল ২০২২**

**আলোচনা**

সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম এর নিকট হতে প্রাপ্ত প্রতিবেদনে চলতি ২০২১-২০২২ অর্থবছরে এপ্রিল, ২০২২ মাস পর্যন্ত এ জেলার ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলা | মাস | দাবি | চলতি মাসের আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | এপ্রিল/২০২২ | ৭২৬৮৭৪৭ | ১০৯২৫৪৬ | ৫৮৮৭৬০৩ | ৮১.০০% |
| | এপ্রিল/২০২১ | ৬৯০৯৮৪৪ | ৮২৭৪৮৬ | ৪৪৪৫৪০০ | ৬৪.৩৩% |
| নাগেশ্বরী | এপ্রিল/২০২২ | ৪৩৯২৮৫৯ | ৩৩১০৬৫ | ৩৯০১৬১৫ | ৮৮.৮২% |
| | এপ্রিল/২০২১ | ৪০৬০৯৬১ | ৪৩৭১৫৩ | ৩৩৭৪০৬৯ | ৮৩.০৯% |
| ভূরুঙ্গামারী | এপ্রিল/২০২২ | ৩□৯৪৭৫৩ | ৪২৬০৩২ | ২৬৫৭২৩৫ | ৮০.৬৫% |
| | এপ্রিল/২০২১ | ৩২০৪৪৪৩ | ২২৯২৭৪ | ২৭৪৫৫৪২ | ৮৫.৬৮% |
| ফুলবাড়ী | এপ্রিল/২০২২ | ২৫৭০১৭৫ | ১৭৮০৩৫ | ২২৪২২৭৫ | ৮৭.২৪% |
| | এপ্রিল/২০২১ | ২৫৬৯৯৫৮ | ১৭৩৪২৯ | ২১৬৯১৬০ | ৮৪.৪০% |
| রাজারহাট | এপ্রিল/২০২২ | ৩৫৯০৯০৬ | ৩০০০১৩ | ৩৯০৭৯৮৪ | ১০৮.৮৩% |
| | এপ্রিল/২০২১ | ৩০১০৪১৭ | ৪৪২৬৬৬ | ৩১৭৭২৫৩ | ১১৬.১৯% |
| উলিপুর | এপ্রিল/২০২২ | ৬৬৩১৮৩৫ | ৬৪৪৮৬৫ | ৬৮৩১০৫২ | ১০৩.০০% |
| | এপ্রিল/২০২১ | ৫২২০৪৩৩ | ১৬৪০১০৯ | ৭৫৭০১৮৬ | ১৪৫.০১% |
| চিলমারী | এপ্রিল/২০২২ | ১৮৮৯৫□□ | ১৫৮০০০ | ২৩৭০৪২৭ | ১২৫.৪৫% |
| | এপ্রিল/২০২১ | ১৪৫০৩৩০ | ২৩২৩৯৮ | ২০৬১৬৪৯ | ১৪২.১৫% |
| রৌমারী | এপ্রিল/২০২২ | □৬৩৫১০৪ | ৪১৬০০০ | ৬৭৪৫০৬৩ | ১০১.৬৬% |
| | এপ্রিল/২০২১ | ৬৪০৬৩৩৯ | ১৩৭৩৯৮৯ | ৭৩৮৭১০৪ | ১১৫.৩১% |
| চর রাজিবপুর | এপ্রিল/২০২২ | ১৮৭৭২৮৩ | ৯৯৩৩৮ | ২২১০৯৪৮ | ১১৭.৭৭% |
| | এপ্রিল/২০২১ | ১৫৩৪১৬৬ | ৫২০০০০ | ২৪৪১২০০ | ১৫৯.১২% |
| সর্বমোট | এপ্রিল/২০২২ | ৩৮১৫১১৮৮ | ৩৬৪৫৮৯৪ | ৩৬৭৫৪২০২ | ৯৬.৩৪% |
| | এপ্রিল/২০২১ | ৩৪৩৬৬৮৯১ | ৫৮৭৬৫০৪ | ৩৫৩৭১৬৬৩ | ১০২.৯২% |

সভায় উপস্থাপিত চলতি অর্থ বছরে ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় বিবরণীর পরিসংখ্যানে দেখা যায় চলতি অর্থ বছরে ভূমি উন্নয়ন করের দাবির বিপরীতে এপ্রিল/২০২২ মাস পর্যন্ত সাধারণের পুঞ্জিভূত আদায় =৩,৬৭,৫৪,২০২/- টাকা। আদায়ের হার ৯৬.৩৪%। ২০২১-২২ অর্থবছরের ভূমি উন্নয়ন করের দাবি মোতাবেক মে,২০২২ মাসে ১০০% আদায় নিশ্চিতকল্পে মাসভিত্তিক কর্মপরিকল্পনা প্রস্তুত করে আদায়ে তৎপর হতে উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম এবং সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো।

**সিদ্ধান্ত**

১। ২০২১-২২ অর্থ বছরে ভূমি উন্নয়ন করের সাধারণ দাবির শতভাগ আদায়ের লক্ষ্যে কার্যক্রম জোরদার করতে হবে।

২। ২০২০-২০২১ অর্থবছরের আদায়কৃত টাকার হিসাব বিবরণী /চালান শতভাগ অনলাইনে যাচাইপূর্বক রেজিস্টারে লিপিবদ্ধ করত: এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়ন**

(১-২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

**৭ (খ)। ২০২০-২১ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সংস্থা): এপ্রিল ২০২২**

**আলোচনা**

চলতি ২০২১-২০২২ অর্থবছরে এ জেলার ভূমি উন্নয়ন করের সংস্থার দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলা | মাসের নাম | দাবি | চলতি মাসে আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | এপ্রিল/২০২২ | ৪১৬৪৯২৩ | ৮৩১০ | ১০৭২০৫৯ | ২৫.৭৪% |
| | এপ্রিল/২০২১ | ৩৭৮৭৩৮৯ | ০০ | ৪০৮□০০ | ১০.৭৯% |
| নাগেশ্বরী | এপ্রিল/২০২২ | ৭১০৯৮□ | ৬২৮৫৯ | ১৫২২৪৪ | ২১.৪১% |
| | এপ্রিল/২০২১ | ৩৬৫৫১০১ | ০০ | ৯৮৩৩৮ | ০২.৬৯% |
| ভূরুঙ্গামারী | এপ্রিল/২০২২ | ৩৫২৩২৭ | ০০ | ৩০৮১২০ | ৮৭.৪৫% |
| | এপ্রিল/২০২১ | ৪৬৩৬৭৯ | ০০ | ৬৭৯৯৩ | ১৪.□৬% |
| ফুলবাড়ী | এপ্রিল/২০২২ | ২০০০৮৫ | ০০ | ২০৫০০ | ১০.২৫% |
| | এপ্রিল/২০২১ | ২৯১০৭১ | ০০ | ১□৮৬৭□ | ৩৭.৩৩% |
| রাজারহাট | এপ্রিল/২০২২ | ৯৩২৪৮৬ | ০০ | ১৮৩৩৬ | ০১.৯৭% |
| | এপ্রিল/২০২১ | ৩৩৫৩১৬ | ৪০০০ | ৪৬৬০ | ০১.৩৯% |
| উলিপুর | এপ্রিল/২০২২ | ৫৬৮০৫৫৭ | ৫৫৪৭ | ১৪৬২২৮ | ০২.৫৭% |
| | এপ্রিল/২০২১ | ৬৯৫৪৬৩০ | ০০ | ১৩১০৪৮ | ০১.৮৮% |
| চিলমারী | এপ্রিল/২০২২ | ৬৭০৭২৬ | ০০ | ০০ | ০০.০০% |
| | এপ্রিল/২০২১ | ৬১৩৬২৯ | ০০ | ০০ | ০০.০০% |
| রৌমারী | এপ্রিল/২০২২ | ২২০০৩০ | ০০ | ০০ | ০০.০০% |
| | এপ্রিল/২০২১ | ২৫৭৯৪১ | ০০ | ০০ | ০০.০০% |
| চর রাজিবপুর | এপ্রিল/২০২২ | ১৪৩৯৭৬ | ০০ | ৪৭৪০ | ০৩.২৯% |
| | এপ্রিল/২০২১ | ৩৩৮৬৪৩ | ০০ | ০০ | ০০.০০% |
| সর্বমোট= | এপ্রিল/২০২২ | ১৩০৭৬০৯৬ | ৭৬৭১৬ | ১৭২২২২৭ | ১৩.১৭% |
| | এপ্রিল/২০২১ | ১৬৬৯৭৩৯৯ | ৩২৯৮৬ | ৮১৯৪০৯ | ০৪.৯১% |

প্রাপ্ত প্রতিবেদন মোতাবেক চলতি অর্থ বছরে এপ্রিল/২০২২ মাস পর্যন্ত আদায় হয়েছে =১৭,২২,২২৭/-টাকা। আদায়ের হার ১৩.১৭%। এ যাবৎ সংস্থার আদায় হার হতাশাব্যঞ্জক চিত্রে অসন্তোষ প্রকাশ করা হয়। ২০২১-২০২২ অর্থবছরে ভূমি উন্নয়ন করের দাবির পরিমাণ উল্লেখপূর্বক উপজেলা পর্যায়ে বিভিন্ন সংস্থা প্রধানদের পত্র প্রেরণ করে অনুলিপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশনা প্রদান করা হলো।

**সিদ্ধান্ত**

১। সংস্থাভিত্তিক বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে ২০২১-২২ অর্থবছরের ভূমি উন্নয়ন করের দাবির বিপরীতে বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থার উপজেলা প্রতিনিধি/জেলা কর্তৃপক্ষ/ বিভাগীয় কার্যালয় ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাবির পরিমাণ উল্লেখপূর্বক পত্র প্রেরণ করে এ কার্যালয়ে অনুলিপি প্রেরণ করতে হবে।

২। ২০২০-২০২১ অর্থবছরে আদায়কৃত যাবতীয় টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের প্রত্যয়নসহ ব্যাংক ও জেলা/ উপজেলা হিসাব রক্ষণ অফিসের সাথে প্রতিপাদন করে /অনলাইনে যাচাই করে ব্যাংক স্টেটমেন্ট /অনলাইন যাচাই প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়ন**

১। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম।

২। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

## ৮। অর্পিত সম্পত্তির দাবি ও আদায় সংক্রান্ত: এপ্রিল ২০২২

| আলোচনা | সিদ্ধান্ত | **বাস্তবায়ন** |
|---|---|---|
| অর্পিত সম্পত্তির সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে লিজকৃত অর্পিত সম্পত্তির বকেয়া ও হাল দাবি আদায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। 'ক' তফশীলভূক্ত অর্পিত সম্পত্তির আলোচনায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান ২০২১-২০২২ অর্থ বছরে লিজকৃত অর্পিত সম্পত্তির দাবির পরিমাণ =৩৭,৫৯,৩৩৯/-টাকা। এপ্রিল ২০২২ মাসে কুড়িগ্রাম সদর, ফুলবাড়ী ও উলিপুর উপজেলায় মোট =৭৮,৬৫২/- টাকা লিজমানি আদায় হয়েছে। এ জেলায় পুঞ্জিভূত আদায় =৯,০৪,২০৪/- টাকা। লিজমানি আদায় অব্যাহত রাখার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। লিজগ্রহীতাদের ছবিসহ তালিকা/ডাটাবেইস এবং তফসিলভূক্ত সম্পত্তির স্কেচ ম্যাপ প্রস্তুতসহ অর্পিত সম্পত্তি লিজ নবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট লিজিগণকে নোটিশ প্রদান ও ৩ (তিন) বছরের উর্ধ্বে নবায়নের ক্ষেত্রে সরেজমিন তদন্ত করার পরামর্শ দেয়া হলো। দীর্ঘদিন যাবৎ যে সকল লিজগ্রহিতা লীজমানি প্রদান করছেন না, সে সকল লীজগ্রহিতাকে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লিজ বাতিল করত: নতুনভাবে লিজ প্রদান করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। লিজ বহির্ভূত কোন অর্পিত সম্পত্তি থাকলে তার তালিকা প্রণয়ন করতে এবং উক্ত সম্পত্তিতে কোন অবৈধ দখলদার থাকলে উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করার জন্যও উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রামকে সভায় অনুরাধ করা হয়। জেলা ও উপজেলা হতে লিজমানি আদায় করতে নির্দেশনা প্রদান করা হয়। কোন কর্মচারী/ কর্মকর্তার দায়িত্ব অবহেলার কারণে বকেয়া অর্থ আদায় না হলে বা দাবি তামাদি হলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়ালের ২৮০ নং অনুচ্ছেদ মতে ১০,০০০/-টাকা বা তদূর্ধ্ব নিলাম ডাক প্রাপ্ত অর্পিত পুকুরের ইজারা কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করত: অনুমোদনের জন্য প্রেরণ করতে উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো। | ১। জেলা ও উপজেলা পর্যায়ে লিজমানি আদায় অব্যাহত রাখার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। অনাদায়ি লিজ মোকদ্দমার তালিকা এবং অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইবুন্যালে মামলাভূক্ত লিজ নথির তালিকা প্রস্তুতপূর্বক এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৩। লিজ নবায়নের ক্ষত্রে সংশ্লিষ্ট লিজিগণকে নোটিশ প্রদান ও ৩ (তিন) বছরের উর্ধ্বে নবায়নের ক্ষেত্রে সরেজমিন তদন্ত করতে হবে।<br>৪। দীর্ঘদিন যাবৎ যে সকল লিজগ্রহিতা লিজমানি প্রদান করছেন না, সে সকল লিজগ্রহিতাকে নিয়মিতভাবে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লিজ বাতিল করত: নতুনভাবে লীজ প্রদান করতে হবে।<br>৫। অর্পিত সম্পত্তির মৌজাভিত্তিক তালিকা হালনাগাদপূর্বক লিজকৃত অর্পিত সম্পত্তির জন্য পৃথক পৃথক তালিকা স্কেচ ম্যাপসহ প্রণয়ন করতে হবে এবং উক্ত তালিকায় লিজিদের ছবিসহ তালিকা /ডাটাবেইস ও হালনাগাদ তথ্য থাকতে হবে। ভি,পি রেজিস্টার হালনাগাদ করতে হবে এবং আদায়ের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে অধিক তৎপর হতে হবে। জেলা ও উপজেলা হতে লিজমানি আদায় অব্যাহত রাখার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬। আরএস রেকর্ডে ব্যক্তির নামে রেকর্ডভূক্ত অর্পিত সম্পত্তির বিষয়ে বিধি মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়ালের ২৮০ নং অনুচ্ছেদ মতে ১০,০০০/-টাকা বা তদূর্ধ্ব নিলাম ডাক প্রাপ্ত অর্পিত পুকুর থাকলে তা বিভাগীয় কমিশনার মহোদয়ের অনুমোদনের জন্য এ কার্যালয়ে কেস নথিসহ প্রস্তাব প্রেরণ করতে হবে।<br>৭। অর্পিত পুকুরের ডাটাবেস প্রণয়নের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | (১-৪)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৫। উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (আরএম), কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম।<br><br>(৬-৭)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## অর্পিত সম্পত্তির দাবি ও আদায় বিবরণী: এপ্রিল ২০২২

| উপজেলা | 'ক' তালিকা ভূক্ত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | লীজকৃত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | দাবি (২০২১-২২) | | | এপ্রিল ২০২২ মাসে আদায় | | | পুঞ্জিভূত আদায় | | | আদায় হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| কুড়িগ্রাম সদর (পৌর বহির্ভূত) | | | ২৯১৮০ | ১৮৭৩৬ | ৪৭৯১৬ | ০০ | ০০ | ০০ | ২৭০০ | ০০ | ২৭০০ | ৫.৬৩% |
| পৌর এলাকা | | | ১৫৮৪৬৮৬ | ৫৫১৮৩১ | ২১৩৬৫১৭ | ৩৫১৮০ | ৩৩৩৮০ | ৬৮৫৬০ | ৫০৩৭৬১ | ৬৮৯৪৪ | ৫৭২৭০৫ | ২৬.৮১% |
| কুড়িগ্রাম সদর সর্বমোট | ৮৯৩.৫৩৭৪ | ২২.৪৬ | ১৬৩৮৬৫ | ৫৭০৫৬৭ | ২১৮৪৪৩২ | ৩৫১৮০ | ৩৩৩৮০ | ৬৮৫৬০ | ৫০৬৪১ | ৬৮৯৪৪ | ৫৭৫৪০৫ | ২৬.৩৪% |
| নাগেশ্বরী | ৪৯০.৮৬৫ | ২৬.৮০৫ | ৪৩৬৬১ | ৯৩৩২১ | ১৩৬৯৮৩ | ০০ | ০০ | ০০ | ৫৮৮৬৩ | ৮১৬০৬ | ১৪০৪৬৯ | ১০২.৫৪% |
| ভূরুঙ্গামারী | ২০৯.৯৭ | ১২.২৬ | ৪০৯৫৩ | ৭৮৫৫ | ৪৮৮০৮ | ০০ | ০০ | ০০ | ৩৭০০৫ | ৪৭২০ | ৪১৭২৫৪ | ৮৫.৪৯% |
| ফুলবাড়ী | ৩১৮.৩১ | ১৩.২৮ | ৬০৪০১ | ৪১৩৯০ | ১০১৭৯১ | ৬০০ | ২৭৮০ | ৩৩৮০ | ৫০৫৭০ | ১৩৭৪০ | ৬৪৩১০ | ৬৩.১৮% |
| রাজারহাট | ৮২.৭৮৭৫ | ০৭.৬৭ | - | ১৫৩৪০ | ১৫৩৪০ | ০০ | ০০ | ০০ | ০০ | ৬৩৮০ | ৬৩৮০ | ৪১.৫৯% |
| উলিপুর | ১২৯.৮৫০১ | ২৪.৭৪ | ৩৮২১৭০ | ১৩৫১৩৫ | ৫১৭৩০৫ | ০০ | ৬৭১২ | ৬৭১২ | ৫৪৫৩৮ | ৩৪৫৬২ | ৮৯১০০ | ১৭.২২% |
| চিলমারী | ৭.৬৬ | ০৬.৭৮ | ৩২৫০০ | ৩৫২৬৮ | ৬৭৭৬৮ | ০০ | ০০ | ০০ | ১০৮০০ | ১২০১৫ | ২২৮১৫ | ৩৩.৬৭% |
| রৌমারী | ২৯৭.৫৬৫ | ১৯.১৯৫ | ৪০১৯১২ | ২৮৫০০০ | ৬৮৬৯১২ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| চর রাজিবপুর | - | - | | | | - | - | - | - | - | - | - |
| সর্বমোট= | ২৪৩০.৫৪৫ | ১৩৩.১৯০ | ২৫৭৫৪৬৩ | ১১৮৩৮৭৬ | ৩৭৫৯৩৩৯ | ৩৫৭৮০ | ৪২৮৭২ | ৭৮৬৫২ | ৭১৯১৫২ | ২২১০৫২ | ৯০৪২০৪ | ২৫.০১% |

## ৯। হাট-বাজারের পেরিফেরি সংক্রান্ত: এপ্রিল ২০২২

| আলোচনা | সিদ্ধান্ত | **বাস্তবায়ন** |
|---|---|---|
| উল্লিখিত ছক পর্যালোচনায় এ জেলায় মোট হাট-বাজারের সংখ্যা ১৬৪ টি। বিবেচ্য মাস পর্যন্ত পেরিফেরিভূক্ত হাট-বাজারের সংখ্যা ১২৮ টি। সভায় উপজেলাভিত্তিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় কুড়িগ্রাম সদর উপজেলায় পেরিফেরিভুক্ত নয় এমন ০৮ টি, কুড়িগ্রাম পৌরসভায় ০১ টি, নাগেশ্বরী পৌরসভার ০১ টি, ভূরুঙ্গামারী ০১ টি, উলিপুরে ০৬ টি, উলিপুর পৌরসভার ০২ টি এবং রৌমারীতে ০২ টি সহ মোট ৩৬ টি হাটের পেরিফেরি হয়নি। কুড়িগ্রাম সদর উপজেলার ০৮ টি হাটের মধ্যে ০১ টিতে আদালতে মামলা থাকায় ও ০১ টি নদী-ভাঙ্গনকবলিত হওয়ায় পেরিফেরিভুক্ত করণ সম্ভব হয়নি। উপজেলার সকল হাট বাজারের পেরিফেরি ও বর্তমান অবস্থা সরেজমিন পরিদর্শন করে পেরিফেরি হালনাগাদ করার কাজ ত্বরান্বিত করার জন্য এবং যে সমস্ত হাট বাজারের পেরিফেরি অনুমোদিত হয়নি সে সমস্ত হাট বাজারের পেরিফেরি অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। বাংলা ১৪২৮ সনে ইজারা প্রদান কার্যক্রম নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করত: বাস্তবায়ন/অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হলো। | ১। পেরিফেরিভূক্ত না হওয়া হাট-বাজারসমূহ অবিলম্বে পেরিফেরিভুক্ত করতে হবে এবং রেজিস্টার-৬ ভূক্ত কোন হাট-বাজারে হাট না বসলে সে সকল হাট বাজার বিলুপ্ত ঘোষণার রিমিত্ত কার্যক্রর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। ভূমি মন্ত্রণালয়ের বিগত ২৮/০৪/২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৫১.৬৮.০১০.১৮.১০০ নম্বর স্মারকে নতুন হাট ও বাজার স্থাপন/পুরাতন হাট ও বাজার বিলুপ্তি সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।<br>৩। যে সকল হাটবাজারের পেরিফেরি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে সেসকল হাট-বাজারের চান্দিনা ভিটির জমি বন্দোবস্ত কার্যক্রম গ্রহণ করাসহ কেউ অবৈধভাবে দখলে থাকলে বিধি মোতাবেক উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। আগামী সভার পূর্বেই প্রতিটি উপজেলা হতে পেরিফেরিভূক্ত হাট-বাজারের নাম,বন্দোবস্তযোগ্য জমির পরিমাণ,অবৈধ দখলদারের সংখ্যা ও অবশিষ্ট জমির পরিমাণ উল্লেখপূর্বক বিস্তারিত তথ্য এ অফিসে প্রেরণ করতে হবে।<br>৫। হাট-বাজারসমূহের নীতিমালা মোতাবেক ইজারাবিহীন হাটসমূহ খাস আদায় অব্যাহত রাখা এবং ইজারা প্রদান কার্যক্রমসহ হাট-বাজার সমূহের ইজারালব্ধ অর্থ হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর আদায় করে সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করা হয়েছে কি না এবং খাস আদায়কৃত অর্থ যথাযথখাতে জমা হচ্ছে কি না তা যাচাই করতে করতে হবে। | (১-২)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>(৩-৪)। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল) কুড়িগ্রাম।<br>৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম। |

## হাট-বাজার লিজ সংক্রান্ত তথ্য: এপ্রিল/২০২২

| উপজেলা/ পৌরসভা/সিটি কর্পোরেশনের নাম | মোট হাট-বাজারের সংখ্যা | বিবেচ্য মাস পর্যন্ত পেরিফেরি ভূক্ত হাট-বাজারের সংখ্যা | চলতি মাসে পেরিফেরি ভূক্ত হাট-বাজারের সংখ্যা | ইজারা প্রদত্ত হাট-বাজারের সংখ্যা | ইজারাহীন হাট-বাজারের সংখ্যা | খাস আদায় হচ্ছে | ইজারালব্ধ অর্থের পরিমাণ (বাংলা ১৪২৮) | ৫% হারে অর্থ ৭-ভূমি রাজস্ব খাতে জমার পরিমাণ | ২০% হারে অর্থ ৭-ভূমি রাজস্ব খাতের অধীন ৪-হাট-বাজার খাতে জমা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কুড়িগ্রাম সদর | ২৬ | ১৮ | - | ১৭ | ০৯ | ০৯ | ১৮২০০০৩৪ | - | - |
| কুড়িগ্রাম পৌরসভা | ০১ | - | - | ০১ | - | - | ২১০৫০০০ | ১০৫২৫০ | - |
| নাগেশ্বরী | ২৪ | ২৪ | - | ২০ | ০৪ | ০৪ | ৮৩৩৮৬৪৫ | ৪১৬৯৩২ | ১৬৬৭৭২৯ |
| নাগেশ্বরী পৌরসভা | ০১ | | - | ০১ | | | ৭০৮৭০০০ | ৩৫৪৩৫০ | |
| ভূরুঙ্গামারী | ২০ | ১৯ | - | ১৯ | ০১ | ০১ | ২৯৭৩২২৩৭ | - | - |
| ফুলবাড়ী | ১৪ | ১৪ | - | ১২ | ০২ | ০২ | ৯৮১২৬৩৬ | ৪,৯০,৬৩১ | ১৯৬২৫২৭ |
| রাজারহাট | ১৭ | ১৭ | - | ১১ | ০৬ | ০৬ | ৫৮৫১৮২১ | ৩৪২৫৯১ | ১৩৭০৩৬৪ |
| উলিপুর | ৩২ | ২৬ | - | ২৬ | ০৬ | ০৬ | ১০০১৫৮১৩ | - | - |
| উলিপুর পৌরসভা | ০২ | - | - | ০২ | - | - | ১৩৪৩২৫২৫ | - | - |
| চিলমারী | ০৫ | ০৫ | - | ০৫ | - | - | ১০৫৭৬২৫০ | - | - |
| রৌমারী | ১৭ | | - | ১৬ | ০১ | ০১ | ৩৯১৫৮৫৫৬ | | |
| চর রাজিবপুর | ০৫ | ০৫ | - | ০৪ | ০১ | ০১ | ১৬৭৫৮৯৬৬ | ৮৩৭৯৪৮ | ৩৩৫১৭৯৩ |
| মোট= | ১৬৪ | ১২৮ | - | ১৩৪ | ৩০ | ৩০ | ১৭১০৬৯৪৮৩ | ২০৫৭০৭১ | ৮৩৫২৪১৩ |

## ১০। জলমহাল সংক্রান্ত: এপ্রিল ২০২২

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় উপস্থাপিত পরিসংখ্যান অনুযায়ী এ জেলায় ২০ (বিশ) একরের উর্ধ্বে মোট জলমহালের সংখ্যা ৫৩টি। তন্মধ্যে উন্মুক্ত ২৩টি এবং বদ্ধ ৩০টি। ইজারাযোগ্য ৩০টি জলমহালের মধ্যে মন্ত্রণালয় হতে উন্নয়ন প্রকল্পের আওতায় ইজারা প্রদানকৃত জলমহালের সংখ্যা ০৫টি। এ কার্যালয় হতে ইজারা প্রদানকৃত জলমহালের সংখ্যা ১০ টি। এ কার্যালয় হতে ইজারা প্রদানযোগ্য জলমহালের সংখ্যা ০৩টি। অবশিষ্ট জলমহালের মধ্যে মামলা চলমান ০৬ টিতে, ভরাট হওয়ার কারণে ইজারা কার্যক্রম বন্ধ রয়েছে ০১ টিতে এবং নদীগর্ভে বিলীন ২ টি। ইজারা প্রদানকৃত ১০ টি জলমহাল হতে ১৪২৭ বাংলা সনের প্রাপ্ত আয় =৮২,৩০,৬৫৯/- টাকা। গোড়কমন্ডল সরোবর (বদ্ধ), ফুলবাড়ী জলমহালটির খাস কালেকশনের মাধ্যমে আদায়কৃত অর্থসরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করতে হবে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী অইজারাকৃত বদ্ধ জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হল। | ১। স্থানীয় আদালতে যে সকল জলমহাল নিয়ে মামলাবিচারাধীন আছে সেসব মামলার বিষয়ে বিজ্ঞ সরকারি কৌশুলীর সাথে যোগাযোগ করত: দায়েরকৃত মামলাসমূহে রাষ্ট্রপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। জলমহাল ব্যবস্থপনার ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন,বিধি- বিধান ও নীতিমালা অনুসরণ করতে হবে যাতে স্বার্থান্বেষী গোষ্ঠি জলমহাল নিয়ে অহেতুক মামলা মোকদ্দমা সৃজন করতে না পারে।<br>২। ভিডিওসহ জলমহালসমূহের ডাটাবেইজ প্রণয়ন এবং ছবিসহ খাস/ভিপি পুকুরের তথ্য এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী জলমহাল ইজারা প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। জনস্বার্থ বিবেচনায় ইজারা হওয়ার পূর্ব পযন্ত বিধি মোতাবেক খাস কালেকশন অব্যাহত রাখতে হবে এবং খাস কালেকশনের মাধ্যমে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমাদান নিশ্চিত করে এ অফিসকে অবহিত করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/সহকারী কমিশনার (আরএম) কুড়িগ্রাম।<br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম / রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## ১১। এল এ কেস সংক্রান্ত: এপ্রিল ২০২২

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>ভূমি অধিগ্রহণ শাখা, কুড়িগ্রাম হতে প্রাপ্ত তথ্য নিম্নরুপ:
<table>
<tr><td colspan="2">মোট এলএ কেসের স□খ্যা</td><td colspan="2">গেজেটে প্রকাশিত এল,এ কেসের সংখ্যা</td><td colspan="2">নামজারীর সংখ্যা</td><td colspan="2">বাতিলকৃত এল,এ কেসের সংখ্যা</td></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td></tr>
<tr><td>১৯৪৮</td><td>১৯৮২</td><td>১৯৪৮</td><td>১৯৮২</td><td>১৯৪৮</td><td>১৯৮□</td><td>১□৪৮</td><td>১৯৮২</td></tr>
<tr><td>৩৮৪</td><td>৩৩৩</td><td>১৭৯</td><td>২৯০</td><td>১৩৬</td><td>২৭২</td><td>৬</td><td>১৩</td></tr>
</table>
১৯৪৮ সনের জরুরি হুকুম দখল আইনের আওতায় এবং ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ এর আওতায় এলএ কেসসমূহের গেজেট দ্রুত প্রকাশনার ব্যবস্থা গ্রহণসহ এল,এ কেসের গেজেটের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রত্যাশী সংস্থার নামে অধিগ্রহণকৃত জমির নামজারি সম্পাদন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেয়া হয়। অধিগ্রহণকৃত কোন সম্পত্তি ব্যক্তির নামে নামজারি হয়ে থাকলে তা দ্রুত বাতিলের প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণ,সংশ্লিষ্ট খতিয়ানের বিপরীতে এল, এ কেসের নম্বর লিখার জন্য এবং এল,এ কেসের রেজিষ্টার হালনাগাদ করার জন্যও নির্দেশনা প্রদান করা হয়। পেন্ডিং এল,এ কেসসমূহ প্রচলিত বিধি মোতাবেক নিষ্পত্তির বিষয়ে ভূমি মন্ত্রণালয়, শাখা-৪ হতে গত ১৭/১০/১৯৯৯ ইং তারিখে জারীকৃত স্মারকের ভিত্তিতে ১৯৪৮ সালের আইন এবং ১৯৮২ সালের অধ্যাদেশের আওতায় এল এ কেসের গেজেট প্রকাশনার ব্যবস্থা ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে সম্পন্ন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশনা প্রদান করা হলো। তাছাড়া জমি অধিগ্রহণ বাবদ ক্ষতিপূরণের অর্থ বিতরণে যাতে কোন অনিয়ম, দুর্নীতি বা কেউ ভোগান্তির শিকার না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হল। সভায় ভূমি ব্যবস্থাপনায় অটোমেশন কার্যক্রমের আওতায় অধিগ্রহণ সংক্রান্ত তথ্য আপলোডকরণের অগ্রগতি বিষয়ে আলোচনা করাহয়।</td>
<td>১। ১৯৪৮ সনের জরুরি হুকুম দখল আইন এবং ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশের আওতায় জেলার সকল এল এ কেসের গেজেট প্রকাশের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, শাখা-৪ হতে গত ১৭/১০/১৯৯৯ ইং তারিখে জারীকৃত স্মারকের ভিত্তিতে সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়ন ও তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>২। অধিগ্রহণকৃত কোন সম্পত্তি ব্যক্তির নামে নামজারি হয়ে থাকলে তা দ্রুত বাতিলের প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণ,সংশ্লিষ্ট খতিয়ানের বিপরীতে এল, এ কেসের নম্বর লিখতে হবে এবং এল,এ কেসের রেজিষ্টার হালনাগাদ রাখতে হবে।<br>৩। ১৯৪৮ সালের জরুরী হুকুম দখল আইনের আওতায় সৃজিত কেসগুলির মধ্যে অনিষ্পত্তি কেসগুলি (প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের অভাবে) নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। জমি অধিগ্রহণ বাবদ ক্ষতিপূরণের অর্থ বিতরণে যাতে কোন অনিয়ম, দুর্নীতি বা কেউ ভোগান্তির শিকার না হয় সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে।<br>৫। ভূমি ব্যবস্থাপনা অটোমেশনের আওতায় অধিগ্রহণ সংক্রান্ত তথ্য এন্ট্রির কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।</td>
<td>(১-২)। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>(২-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল) ,কুড়িগ্রাম/ ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>৪। সংশ্লিষ্ট সকল।<br>৫। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম।</td></tr>
</table>

**১২। সরকারি সম্পত্তি সংক্রান্ত দেওয়ানি মামলা:এপ্রিল ২০২২**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সহকারী কমিশনার, আরএম শাখা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় এপ্রিল/২০২২ মাস পর্যন্ত খাস জমি সংক্রান্ত মূল মামলা ১২৯৪ টি। অনিষ্পন্ন মামলার সংখ্যা ১২৯৪ টি, আপিল মামলা ১২৫ টি। অর্পিত সম্পত্তি সংক্রান্ত মূল মামলা ৮৫১ টি। অনিষ্পন্ন মামলার সংখ্যা ৮৫১ টি এবং আপিল ০৮ টি। মামলা নিষ্পত্তির ক্ষেত্রে অধিকতর তৎপর হতে এবং সরকারের বিপক্ষে রায় হওয়া মামলাসমূহ যথাসময়ে আপিল দায়ের করে গৃহীত ব্যবস্থা এ কার্যালয়কে অবহিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো। দেওয়ানী (খাস) এবং দেওয়ানী (আপীল) মামলাসমূহ সরকারের পক্ষে সরকারের পক্ষে রায় আনয়নের লক্ষ্যে আরও জোর তৎপরতার জন্য বিজ্ঞ সরকারি কৌসুলিকে অনুরোধ করা হয়। | ১। সরকারের পক্ষে রায় হওয়া মামলাভূক্ত সম্পত্তি সরকারের দখলে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সরকারের বিপক্ষে রায় হওয়া মামলার ক্ষেত্রে সংশ্লিষ্ট আদালতে নির্ধারিত সময়ের মধ্যে যথাশ্রীঘ্র আপিল দায়েরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। মামলার তালিকা আর এম শাখা হতে সংগ্রহপূর্বক পেন্ডিং এস এফ এর জবাব জরুরি প্রেরণ নিশ্চিৎ করতে হবে।<br>৪। এসএফ প্রেরণের ক্ষেত্রে মালিকানার ধরাবাহিকতা,দখল ইত্যাদি বিষয় উল্লেখ করতে হবে।<br>৫। জেলার দেওয়ানি ও আপীল মামলার রেজিস্ট্রার এর সাথে উপজেলা ভূমি অফিসের রেজিস্টার এবং উপজেলা ভূমি অফিসের রেজিস্টারের সাথে ইউনিয়ন ভূমি অফিসের রেজিস্টার রেজিস্টার হালনাগাদ করতে হবে এবং সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলাসমূহ লাল কালিতে চিহ্নিত করতে হবে। উপজেলাভিত্তিক ভিপি মামলার তথ্য প্রেরণ করতে হবে।<br>৬। নোটিশ/সমনের সাথে আরজির কপি প্রেরণ করতে হবে।<br>৭। দেওয়ানি মামলার নিষ্পত্তির প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম এর নিকট প্রেরণ করতে হবে। | (১-২)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম ।<br>৩। সহকারী কমিশনার (ভূমি),সকল, কুড়িগ্রাম /বিজ্ঞ সরকারি কৌসুলি / বিজ্ঞ ভিপি কৌশুলী, কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (আরএম) শাখা / ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।<br>৫। সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম/ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।<br>৬। বিজ্ঞ জিপি/এজিপি (সকল) ও ভিপি কৌশুলী, কুড়িগ্রাম।<br>৭। সহকারী কমিশনার (আরএম) শাখা, কুড়িগ্রাম কালেক্টরেট। |

**১৩। রেন্ট সার্টিফিকেট মামলা সংক্রান্ত : এপ্রিল ২০২২**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় রেন্ট সার্টিফিকেট মামলার বর্ণিত তথ্য অনুযায়ী দেখা যায় এপ্রিল ২০২২ মাস পর্যন্ত পেন্ডিং মামলার তুলনায় নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা অনেক কম। এপ্রিল ২০২২ মাসে অনিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মামলার সংখ্যা ১১৩টি, বিপরীতে দাবির পরিমাণ =৯,০৯,৮৬৪/- টাকা। এপ্রিল/২২ মাসে নাগেশ্বরী উপজেলায় ০৫ টি মামলা নিষ্পত্তি হয়েছে। এপ্রিল/২০২২ মাসে কোন উপজেলায় রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের না হওয়ার বিষয়টি খতিয়ে দেখতে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়। বকেয়া পাওনা আদায়ের স্বার্থে অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি এবং ভূমি উন্নয়ন কর আদায় ত্বরান্বিত করতে রেন্ট সার্টিফিকেট মামলা দায়েরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। নিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মামলার আদায় প্রতিবেদন সঠিক করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হল। রেন্ট সার্টিফিকেট মামলাভূক্ত জমির নামজারী অনুমোদনের বিষয়ে সতর্ক থাকার জন্য এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শনকালে সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ গুরুত্বসহকারে যাচাই করার জন্য দায়িত্বরত/পরিদর্শনকারী কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হলো। | ১। সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রামকে আইনানুগ পদ্ধতি অনুসরণপূর্বক অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করার কার্যক্রম গ্রহণ করতে হবে এবং কোন হোল্ডিং তামাদি হওয়ার আগেই সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।<br>২। স্ব স্ব উপজেলার অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর মনোযোগী হওয়াসহ মাসিক নিষ্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।<br>৩। যে সকল ভূমি মালিকগণ দীর্ঘদিন যাবৎ ভূমি উন্নয়ন কর পরিশোধ করেননি তাদের তালিকা প্রস্তুতপূর্বক রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে এবং মামলা নিষ্পত্তির লক্ষ্যে ভূমি মালিককে যথাযথভাবে নোটিশ প্রদান করতে হবে।<br>৪। রেন্ট সার্টিফিকেট মামলাভূক্ত জমির নামজারী অনুমোদনের বিষয়ে সতর্ক থাকতে হবে এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শনকালে সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ হালনাগাদ করা আছে কিনা তা যাচাই করতে হবে।<br>৫। রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ নির্ধারিত তারিখে উপস্থাপিত হচ্ছে কিনা তা উপজেলা ভূমি অফিস পরিদর্শন কালে যাচাই করতে হবে। | (১-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>(৪-৫)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

**রেন্ট সার্টিফিকেট মামলার বিবরণী: এপ্রিল, ২০২২ মাস**

| উপজেলা | গতমাস পর্যন্ত অনিষ্প ত্তিকৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়ের কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়ের কৃত মামলার দাবির টাকার পরিমাণ | মোট রেন্ট সাঃ মাঃ সংখ্যা (২+৩) | মোট রেন্ট সাঃ মাঃ দাবির টাকার পরিমাণ (৩+৪) নং কলামের দাবির টাকার পরিমাণ | চলতি মাসে নিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | আদায় কৃত টাকার পরিমাণ | জুলাই/২১ হতে চলতি মাস পর্যন্ত পুঞ্জিভূত আদায়কৃত টাকার পরিমাণ | মোট অনিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মামলার সংখ্যা | মোট অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| কুড়িগ্রাম সদর | ৪৫ | ০০ | ০০ | ৪৫ | ৪৫৯৮৭৬ | ০০ | ০০ | ৪৬১৪৭ | ৪৫ | ৪৫৯৮৭৬ |
| নাগেশ্বরী | ১৬ | ০০ | ০০ | ১৬ | ৯০৫০২ | ০৫ | ৯০৬৫ | ২৩৭৯১০ | ১১ | ৮১৪৩৭ |
| ভূরুঙ্গামারী | ০১ | ০০ | ০০ | ০১ | ১১৬৮ | ০০ | ০০ | ৫৫৩৫ | ০১ | ১১৬৮ |
| ফুলবাড়ী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| রাজারহাট | ০৬ | ০০ | ০০ | ০৬ | ৫৩১৮৭ | ০০ | ০০ | ১১২৫ | ০৬ | ৫৩১৮৭ |
| উলিপুর | ৪০ | ০০ | ০০ | ৪০ | ১৯৭১৬৮ | ০০ | ০০ | ৩৮২২৯ | ৪০ | ১৯৭১৬৮ |
| চিলমারী | ০৩ | ০০ | ০০ | ০৩ | ৫৬০০ | ০০ | ০০ | ০০ | ০৩ | ৫৬০০ |
| রৌমারী | ০৪ | ০০ | ০০ | ০৪ | ৪০৮৭৫ | ০০ | ০০ | ০০ | ০৪ | ৪০৮৭৫ |
| চর রাজিবপুর | ০৩ | ০০ | ০০ | ০৩ | ৭০৫৫৩ | ০০ | ০০ | ১২৭৩০০ | ০৩ | ৭০৫৫৩ |
| সর্বমোট= | ১১৮ | ০০ | ০০ | ১১৮ | ৯১৮৯২৯ | ০৫ | ৯০৬৫ | ৪৫৬২৪৬ | ১১৩ | ৯০৯৮৬৪ |

## ১৪। জেনারেল সার্টিফিকেট মামলা সংক্রান্ত: এপ্রিল, ২০২২

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| জেনারেল সাটিফিকেট আদালতগুলোতে মামলা দায়ের ও নিষ্পত্তির পরিসংখ্যান সভায় তুলে ধরা হয়। পরিসংখ্যানে দেখা যায় যে, এপ্রিল২০২২ মাস পর্যন্ত মোট মোকদ্দমার সংখ্যা ২৭১৩ টি, দাবি =১৫,৫৫,৩২,৪৬৭/০০ টাকা।এপ্রিল ২০২২ মাসে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ ০৫ টি,ভূরুঙ্গামারী ১৯ টি, এবং ফুলবাড়ী ০৪ এবং রাজারহাট ০১টি সহ মোট ২৯ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। এজন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও জেনারেল সার্টিফিকেট অফিসার, কুড়িগ্রামকে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। পেন্ডিং মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বিস্তারিত আলোচনা করা হয়। মামলা পর্যালোচনা করে বাদীপক্ষের তদারকির অভাব পরিলক্ষিত হলে প্রয়াজনে যুক্তিসংগত বার সময় দিয়ে সরকারি দাবি আদায় আইন ১৯১৩ এর সংশ্লিষ্ট বিধানমতে মামলা খারিজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। ব্যাংকের মামলার ক্ষেত্রে অনুপস্থিত থাকলে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের প্রধানকে পত্র দেয়ার পরামর্শ প্রদান করা হলো। ১৫ বছর বা তার উর্ধ্বে অনিষ্পন্ন সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত বিশেষ উদ্যোগ অনুসারে ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়। | ১। সাটিফিকেট মামলা নিষ্পত্তি বৃদ্ধির লক্ষ্যে অনিষ্পন্ন মামলার সংখ্যা বিবেচনায় নিয়ে প্রমাপ অনুযায়ী নিষ্পত্তি ও তা নিয়মিতভাবে মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক তথ্য প্রেরণ করতে হবে।<br>২। ১৫ বছর বা তার উর্ধ্বে অনিষ্পন্ন সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে ব্যাংক/অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান/ পাওনাদার,খাতক ও আইন প্রয়োগকারী সংস্থার সাথে সমন্বিত উদ্যোগ গ্রহণের মাধ্যমেষান্মাসিক কর্মপরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ন নিশ্চিত করত: আগামী ৬(ছয়) মাসের মধ্যে মামলাসমূহ নিষ্পত্তির বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩। সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী সরকারি পাওনা আদায়ের লক্ষ্যে অনিষ্পন্ন জেনারেল সার্টিফিকেট মামলাসমূহ হতে সপ্তাহে সুবিধামত ০১ দিন ধার্য করে প্রয়োজনে অতিরিক্ত সময়ে আদালত পরিচালনার মাধ্যমে প্রতিমাসে কমপক্ষে ০৫ টি মামলা নিষ্পত্তি করতে হবে।<br>৪। নিয়মিত উপজেলা কৃষি ঋণ কমিটির সভা করতে হবে।<br>৫। জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর তৎপর হতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার, কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট সকল।<br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার,কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম।<br>৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার,কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম। |

## জেনারেল সার্টিফিকেট মামলার বিবরণী: এপ্রিল, ২০২২

| ক্র: নং | উপজেলা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | দাবিকৃত টাকার পরিমাণ | মোট জেনাঃ সার্টিঃ কেস সংখ্যা | মোট দাবিকৃত টাকার পরিমাণ | চলতি মাসে নিষ্পত্তিকৃত জেনারেল সার্টিফিকেট কেস সংখ্যা | আদায়কৃত টাকার পরিমাণ | মোট অনিষ্পত্তিকৃত জেনারেল সার্টিফিকেট কেসের সংখ্যা | মোট অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | জেলা প্রশাসকের কার্যালয় কুড়িগ্রাম | ০৬ | ৩৯৫৭৪৬/- | ১৬২ | ২৫৮২৩৫৩৬/০০ | ০৫ | ৬৫৫৪৫২/- | ১৫৭ | ২৫১৬৮০৮৪/০০ |
| ২ | কুড়িগ্রাম সদর | - | - | ৪১২ | ৩৩৩৭২৬৬৯/৭৫ | - | - | ৪১২ | ৩৩৩৭২৬৬৯/৭৫ |
| ৩ | নাগেশ্বরী | - | - | ৩৭৯ | ১৮৫৬৮৯৯১/০০ | - | - | ৩৭৯ | ১৮৫৬৮৯৯১/০০ |
| ৪ | ভূরুঙ্গামারী | - | - | ৭০৮ | ৩২৫৫৫৪৩৫/০০ | ১৯ | ২১৯০৩০২/- | ৬৮৯ | ৩০৩৬৫১৩৩/০০ |
| ৫ | ফুলবাড়ী | - | - | ১৩৯ | ১০৪২৬২৭৫/০০ | ০৪ | ১০৩৬১১/- | ১৩৫ | ১০২৭০৪৭৯/০০ |
| ৬ | রাজারহাট | - | - | ১৪৮ | ৫৪৩১০৫৩/০০ | ০১ | ৮৬৩০০/- | ১৪৭ | ৫৩৪৪৭৫৩/০০ |
| ৭ | উলিপুর | - | - | ২৯০ | ১৬৩২৯০৭৩/০০ | - | - | ২৯০ | ১৬৩২৯০৭৩/০০ |
| ৮ | চিলমারী | - | - | ৩৯৯ | ৭৩৯৮১৩১/৫০ | - | - | ৩৯৯ | ৭৩৯৮১৩১/৫০ |
| ৯ | রৌমারী | - | - | ৭০ | ৭৪৫০৪৭৯/৫০ | - | - | ৭০ | ৭৪৫০৪৭৯/৫০ |
| ১০ | চর রাজিবপুর | - | - | ৩৫ | ১২৬৪৬৭৫/০০ | - | - | ৩৫ | ১২৬৪৬৭৫/০০ |
| | সর্বমোট | ০৬ | ৩৯৫৭৪৬/- | ২৭৪২ | ১৫৮১৭২৩৮৬/০০ | ২৯ | ৩০৩৫৬৬৫/- | ২৭১৩ | ১৫৫৫৩২৪৬৭/০০ |

## ১৫। মিস মোকদ্দমা সংক্রান্ত: এপ্রিল, ২০২২

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় মিস মোকদ্দমা সংক্রান্ত বিবরণী ছক আকারে উপস্থাপন করেন:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| মিস কেস নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। কুড়িগ্রাম সদর,ভূরুঙ্গামারী ও রৌমারী উপজেলায় মিস কেস নিষ্পত্তির হার কম হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হলো। সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তি না হওয়ার কারণে মিস কেসের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। সে প্রেক্ষিতে সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তির উপর গুরুত্ব দেয়ার জন্য সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান ও মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করা হলো। সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাসওয়ারি লক্ষ্য নির্ধারণের মাধ্যমে অনিষ্পন্ন মিস কেসসমূহের নিষ্পত্তির হার দ্রুততম সময়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা দেয় হয়। বিলুপ্ত ঘোষিত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধন সংক্রান্ত আবেদনসমূহ মালিকানার ধারাবাহিকতা,দখল ইত্যাদি বিবেচনায় নিয়ে দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং সংশোধিত খতিয়ানের কপি জেলা রেকর্ডরুমে প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশ প্রদান করা হয়। মিস মোকদ্দমাগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য উপজেলা মাসিক রাজস্ব সভায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। | ১। ত্রুটিপূর্ণ নামজারীর ফলে নামজারী মামলা হতে উদ্ভুত মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। বিলুপ্ত 'খ' তফসিলভূক্ত যে সম্পত্তির কোন দাবিদার নেই অথবা কোন মিসকেস দায়ের হয়নি উক্ত সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুতপূর্বক খাসকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। বিলুপ্ত 'খ' তালিকাভূক্ত সম্পত্তির সঠিকভাবে রেকর্ড সংশোধনের আদেশ দেয়া হয় কি না তা উপজেলা ভূমি অফিস পরিদর্শনকালে দৈবচয়নের ভিত্তিতে ২/১ টি নথি যাচাই/পরীক্ষা করতে হবে।<br>৪। সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাসওয়ারি লক্ষ্য নির্ধারণের মাধ্যমে অনিষ্পন্ন মিস কেসসমূহের নিষ্পত্তির হার দ্রুততম সময়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।<br>৫। মিস মোকদ্দমাগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য উপজেলা মাসিক রাজস্ব সভায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৪। সংশ্লিষ্ট সকল।<br>৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## মিস মোকদ্দমা সংক্রান্ত বিবরণী: এপ্রিল,২০২২

| ক্র: নং | উপজেলার নাম | পূর্ববর্তী মাস পর্যন্ত অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা | এপ্রিল/২০২২ মাসে দায়েরকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট মিস মোকদ্দমার সংখ্যা | এপ্রিল/২০২২ মাসে নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | এপ্রিল/২০২২ মাস পর্যন্ত নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | কুড়িগ্রাম সদর | ২৪০ | ১০ | ২৫০ | ১০ | ৫৫ | ২৪০ |
| ২ | নাগেশ্বরী | ২৭ | ০৫ | ৩২ | ০৫ | ১০৩ | ২৭ |
| ৩ | ভূরুঙ্গামারী | ১৫৩ | ০০ | ১৫৩ | ০০ | ০২ | ১৫৩ |
| ৪ | ফুলবাড়ী | ৫৪ | ০৫ | ৫৯ | ০২ | ১৭ | ৫৭ |
| ৫ | রাজারহাট | ২৪ | ০৫ | ২৯ | ০৬ | ২১১ | ২৩ |
| ৬ | উলিপুর | ৭৬ | ০০ | ৭৬ | ০০ | ৯৫ | ৭৬ |
| ৭ | চিলমারী | ২১ | ১০ | ৩১ | ০৬ | ৪১ | ২৫ |
| ৮ | রৌমারী | ১০৬ | ০৮ | ১১৪ | ০১ | ৩০ | ১১৩ |
| ৯ | চর রাজিবপুর | ২১ | ০০ | ২১ | ০০ | ০২ | ২১ |
| | সর্বমোট= | ৭২২ | ৪৩ | ৭৬৫ | ৩০ | ৫৫৬ | ৭৩৫ |

১৬। রাজস্ব মামলা সংক্রান্ত বিবরণী: এপ্রিল/২০২২

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম এর আদালতে অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উপর সভায় গুরুত্তারোপ করা হয়। বর্তমানে অনিষ্পন্ন মামলা সংখ্যা ১৪ টি। মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বিশেষ কর্মপরিকল্পনা গ্রহণ এবং আপিল দায়েরের সর্বোচ্চ ৩(তিন) মাসের মধ্যে আপিল নিষ্পত্তির সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। সকল উপজেলা ভূমি অফিসে অনলাইন মামলা শুনানী ব্যবস্থাপনা সহায়িকা অনুসরণে প্রাপ্ত আবেদন অনলাইনে শুনানী অন্তে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। আপিল দায়েরের সর্বোচ্চ ৩(তিন) মাসের মধ্যে আপিল নিষ্পত্তির সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>৩। অনলাইন মামলা শুনানী ব্যবস্থাপনা সহায়িকা অনুসরণে সকল উপজেলা ভূমি অফিসে প্রাপ্ত আবেদন অনলাইনে শুনানীঅন্তে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১-২)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

রাজস্ব মামলা সংক্রান্ত বিবরণী: এপ্রিল,২০২২

| ক্রঃ নং | বিগত মাসের জের | চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | পেন্ডিং মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| কুড়িগ্রাম | ১৬ | ০০ | ১৬ | ০২ | ১৪ | - |

**১৭। অডিট সংক্রান্ত: এপ্রিল, ২০২২**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় উপস্থাপিত প্রতিবেদন মতে এ জেলায় রাজস্ব প্রশাসনে এপ্রিল ২০২২ মাস পর্যন্ত অনিষ্পন্ন মোট অডিট আপত্তির সংখ্যা ৩০ টি এবং আপত্তির বিপরীতে জড়িত অর্থের পরিমাণ =২,১০,৭৩৮/-টাকা। যার উপজেলা ওয়ারী হিসাব বিবরণী নিম্নরূপ:- | ১। জবাব প্রেরিত হয়নি এরূপ অডিট আপত্তি চিহ্নিত করে দ্রুত নিষ্পত্তিমূলক বক্ষ্যমান জবাব প্রেরণ করতে হবে।<br>২। জবাব প্রেরিত হলেও গৃহীত না হওয়ায় অনিষ্পন্ন রয়েছে। এরূপ আপত্তি নিষ্পত্তি না হওয়ার কারণ অনুসন্ধান করতঃ প্রযোজ্য ক্ষেত্রে পুনরায় নিষ্পত্তিমূলক বক্ষ্যমান জবাব প্রেরণ করতে হবে।<br>৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে প্রমাপ অনুযায়ী প্রতি মাসে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের জবাব প্রেরণ করতে হবে।<br>৪। প্রতিমাসে যে উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশিট জবাব পাওয়া যায়, সে সমস্ত ব্রডশিট জবাবের সাথে অনলাইন যাচাই কপি বা প্রযোজ্য ক্ষেত্রে সিটিআর এর কপি প্রেরণ করতে হবে।<br>৫। পেন্ডিং আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বি-পক্ষিয় ও ত্রি-পক্ষিয় সভা অনুষ্ঠানের পাশাপাশি উপজেলা মাসিক রাজস্ব সভায় গুরুত্বের সাথে আলোচনা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল) কুড়িগ্রাম।<br>(২-৪)। রেভিনিউ ডেপুটি কালেক্টর/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম। |

| উপজেলা | গত মাস পর্যন্ত আপত্তির সংখ্যা | চলতি মাসে প্রাপ্ত আপত্তি | চলতি মাসে নিষ্পত্তিকৃত আপত্তি | মোট অনিষ্পন্নন আপত্তির সংখ্যা | জড়িত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| কুড়িগ্রাম সদর | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| নাগেশ্বরী | ০৭ | ০০ | ০৪ | ০৩ | ১১৫০৭ |
| ভূরুঙ্গামারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ফুলবাড়ী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| রাজারহাট | ০২ | ০০ | ০০ | ০২ | ১৪৩১১৪ |
| উলিপুর | ০৭ | ০০ | ০০ | ০৭ | ১৭৩৯৬ |
| চিলমারী | ০৬ | ০০ | ০০ | ০৬ | ৪৮৩৫ |
| রৌমারী | ০৫ | ০০ | ০০ | ০৫ | ২০৭২৯ |
| চর রাজিবপুর | ০৭ | ০০ | ০০ | ০৭ | ১৩৬০৭ |
| মোট= | ৩৪ | ০০ | ০৪ | ৩০ | ২১০৭৩৮ |

সভায় উপস্থাপিত অডিট আপত্তির তথ্য পর্যালোচনায় দেখা যায় এ জেলায় এপ্রিল ২০২২ মাসে শুধুমাত্র নাগেশ্বরী উপজেলায় ০৪ (চার) টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে। পেন্ডিং অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের পাশাপশি উপজেলা রাজস্ব সভায় গুরুত্বেবর সাথে আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম এর দৃষ্টি আকর্ষণ করা হয়। বক্ষমান জবাব দ্রুত প্রেরণ এবং যে সকল অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিযোগ্য তার বস্তুনিষ্ঠ জবাব ও প্রতিবেদনের প্রয়োজনীয় সংখ্যক কপিসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি অবিলম্বে প্রস্তুতপূর্বক প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার(ভূমি)(সকল),কুড়িগ্রামকে উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।বিষয়টি সঠিকভাবে মনিটরিং করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হল। সময় ক্ষেপন না করে অডিট আপত্তি নিষ্পত্তির হার সন্তোষজনক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে সকল উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো।

**১৮। ইনোভেশন সংক্রান্ত: এপ্রিল, ২০২২**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উদ্ভাবনী চিন্তার বিকাশের মাধ্যমে সরকারি দপ্তরে সেবাসমূহকে কিভাবে সহজে,দ্রুত সময়ে সেবা গ্রহীতাদের মাঝে পৌঁছানো যায় সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয় এবং রাজস্ব প্রশাসনের জেলা,উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের দপ্তরের এক বা একাধিক নতুন উদ্ভাবনী উদ্যোগ থাকলে তা এ কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। নাগরিক সেবা সহজীকরণের জন্য ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে কুড়িগ্রাম জেলার জেলা ও উপজেলা পর্যায়ের রাজস্ব প্রশাসনের সকল কর্মকর্তাকে তাদের স্ব স্ব দপ্তরে ভূমি সেবা প্রাপ্তির বিষয়ে সচেতন করার জন্য এবং ভূমি সেবা বিষয়ে ইনোভেটিভ উদ্যোগ সম্পর্কে সক্রিয় হওয়ার জন্য অনুরোধ করা হলো। | ১। নাগরিক সেবা সহজীকরণের জন্য ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে কুড়িগ্রাম জেলার জেলা ও উপজেলা পর্যায়ের রাজস্ব প্রশাসনের সকল কর্মকর্তাকে তাদের স্ব স্ব দপ্তরে ভূমি সেবা প্রাপ্তির বিষয়ে সচেতন করার জন্য এবং ভূমি সেবা বিষয়ে ইনোভেটিভ উদ্যোগ নিয়ে সক্রিয় হতে হবে।<br>২। জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এর রাজস্ব শাখা/আরএম শাখা/ভূমি অধিগ্রহণ শাখাসহ উপজেলা ভূমি অফিস (সকল), কুড়িগ্রাম/ইউনিয়ন ভূমি অফিসসমূহে ভূমি সেবা প্রত্যাশীদের ভূমি বিষয়ক সেবা প্রদানে উদ্ভাবনী চর্চা করতে হবে। | (১-২)। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |

**১৯। বিবিধ:**

দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা হতে প্রেরিত মাসিক রিপোর্ট- রিটার্ন ও মাসিক রাজস্ব সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের নির্ধারিত সময়ের মধ্যে এ কার্যালয়ের রাজস্ব শাখায় পৌঁছানো নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। ভূমি সেবা প্রদানের ক্ষেত্রে পরিলক্ষিত ত্রুটি/সমস্যাদি দূরীকরণার্থে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিসহ গুণগত ও মানোন্নয়নের লক্ষ্যে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) ভূমি ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট অর্থাৎ ইউনিয়ন ভূমি অফিস থেকে জেলা প্রশাসকের কার্যালয় পর্যন্ত ডিজিটাইজেশনের মাধ্যমে জনসেবা প্রদান করতে পারলে কালক্ষেপন কম হবে ও জনদূর্ভোগ লাঘব হবে। জনগণকে কাঙ্খিতমানের সেবা নিশ্চিতকরণে ভূমিসেবাসমূহ দ্রুততম সময়সীমার মধ্যে অটোমেশনের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

(২) সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রনয়ণপূর্বক রেজিস্ট্রিকৃত দলিলে জমির অবমূল্যায়ন সংক্রান্ত অনিষ্পন্ন মামলাসমূহ মাসওয়ারি লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক দ্রুত নিষ্পত্তির জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো।

(৩) Time,Cost and Visit (TCV) কমানোর লক্ষ্যে নামজারী ও জমাখারিজের ক্ষেত্রে সেবা পদ্ধতি সহজিকরণ,অন্য কোন উপজেলা ভূমি অফিসের উত্তম চর্চার অনুসরণ এবং নিজ দপ্তরের উদ্ভাবন সংক্রান্ত বিষয় উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ এং উদ্ভাবিত তথ্যাদি স্থানীয়ভাবে সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

(৪) জনবান্ধব জেলা/উপজেলা প্রশাসন গড়ার লক্ষ্যে সকলকে একযোগে Team Work করতে হবে এবং ব্যক্তিগত দক্ষতা বৃদ্ধি করতে হবে।

(৫) ভূমি ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি এবং গতিশীলতা আনয়নের লক্ষ্যে বিগত বছরের ন্যায় এ বছরেও ১৯ মে থেকে ২৩ মে ২০২২ পর্যন্ত কুড়িগ্রাম জেলায় জেলা,উপজেলা, ও ইউনিয়ন পর্যায়ে “ভূমি সেবা সপ্তাহ- ২০২২” উপলক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার(সকল),কুড়িগ্রাম,সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ইউনিয়ন ভূমি উপ সহকারী কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট সকলকে নিজস্ব ব্যবস্থাপনায় স্বীয় অধিক্ষেত্রে অধিক জনসমাগম স্থলে উৎসবমুখর পরিবেশে হ্যান্ড মাইক ব্যবহারসহ বিভিন্ন কর্মকৌশলের মাধ্যমে ব্যাপক মাইকিং ও প্রচার,আলোচনা সভা ও র‌্যালি সহ বিভিন্ন কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ ও এ জেলার জেলা,উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের রাজস্ব প্রশাসনের বিভিন্ন দপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়/ভূমি সংস্কার বোর্ড কর্তৃক প্রণীত পরিপত্রের বিধান অনুসরণের পাশাপাশি নতুন কর্মপরিকল্পনার উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হয়। তথ্য প্রযুক্তি নির্ভর দেশ গড়ার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে এবং একই সাথে ইনোভেটিভ আইডিয়া নিয়ে ভূমি সেবাকে আরও গতিশীল করার সর্বাত্তক প্রচেষ্টা গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ রেজাউল করিম)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

ফোনঃ ০২৫৮৯৯-৫০০২২ (অঃ)
ফ্যাক্সঃ ০২৫৮৯৯-৫০০২৩ (অঃ)
ই-মেইল: dckurigram@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৩.০০১.১৮.৫৪৭ (৯০) তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯ / ৩১ মে ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সচিব,ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ৯৮,শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণি,তেজগাঁও শিল্প এলাকা,ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। উপ-ভূমি সংস্কার কমিশনার,রংপুর বিভাগ,রংপুর।
৫। জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর অঞ্চল,রংপুর।
৬। উপজেলা নির্বাহী অফিসার.........................................(সকল), কুড়িগ্রাম।
৭। আরডিসি/জিসিও/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
৮। জেলা রেজিস্ট্রার,কুড়িগ্রাম।
৯। সহকারী কমিশনার (ভূমি)...........................................(সকল), কুড়িগ্রাম।
১০। সহকারী কমিশনার ....................................................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
১১। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম।
১২। প্রোগ্রামার,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১৩। ..........................................................................................., কুড়িগ্রাম।
১৪। সহকারী সেটেলমেন্ট অফিসার.........................................(সকল),কুড়িগ্রাম।
১৫। বিজ্ঞ সরকারি কৌসুলি,কুড়িগ্রাম।
১৬। বিজ্ঞ ভিপি কৌসুলি, কুড়িগ্রাম।
১৭। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব),ভূমি মন্ত্রণালয়,কুড়িগ্রাম।
১৮। উপ-সহকারী প্রকৌশলী,রাজস্ব শাখা,জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম।
১৯। জেলা প্রশাসক,কুড়িগ্রাম মহোদয়ের গোপনীয় সহকারী (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০। গোপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
২১। ................................................................সহকারী,রাজস্ব শাখা,জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম।
২২। অফিস কপি।

৩১/০৫/২২

(উত্তম কুমার রায়)
অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)
কুড়িগ্রাম।
ফোনঃ ০২৫৮৯৯-৫০০৩১১(অঃ)
ই-মেইল: adcrkurigram@mopa.gov.bd